দৈনিক সংবাদ

তারিখ ...... ১২ ... ৫.....

# শিবির ক্যাডারদের হাতে দুই মহিলা লাঞ্ছিত

ট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কয়েকজন উচ্ছৃঙ্খল
র ক্যাডার ২ মহিলাকে লাঞ্ছিত করেছে। ক্যাম্পাসের ব্যবসায়ী চৌধুরী মিয়ার স্ত্রী
জের বুয়াকে কয়েক মাতাল শিবির ক্যাডার শুক্রবার রাত ১টায় লাঞ্ছিত করেছে
অভিযোগ পাওয়া গেছে। গত রোববার শাহ আমানত হলে শিবির নেতাদের
স্থতায় ঘটনার সমাপ্তি টানা হয়। এছাড়া গতকাল শিবির ক্যাডাররা ছাত্রলীগের ২
কে বিশ্ববিদ্যালয়ে না আসার হুমকি দেয়।
বলম্বে প্রাপ্ত খবরে জানা যায়, কয়েক শিবির ক্যাডার মাতাল হয়ে গত শুক্রবার
১টায় স্থানীয় এক দোকানির বাসায় জোরপূর্বক প্রবেশ করে ২ মহিলাকে লাঞ্ছিত
ছে। রাজধানী হোটেলের মালিক চৌধুরী মিয়ার বাসায় এ ঘটনা ঘটে। মাতাল
র ক্যাডাররা ঘরে ঢুকে ভাত দিতে বলে। ভাত দিতে অস্বীকৃতি জানালে তারা
হয়ে চৌধুরী মিয়ার স্ত্রী ও বুয়াকে শারীরিকভাবে লাঞ্ছিত এবং অকথ্য ভাষায়
গাল করে। ঘটনা জানাজানি হওয়ার ভয়ে শিবির নেতারা মধ্যস্থতার উদ্যোগ
রোববার শাহ আমানত হলে

লাঞ্ছিত ঃ পৃঃ ২ কঃ ৫

## মহিলা ঃ লাঞ্ছিত

( ১২ পৃষ্ঠার পর )

অনুষ্ঠিত এক সালিশি বৈঠকে অপরাধীদের কান ধরে ওঠ-বস করানো হয় বলে ক্যাম্পাস সূত্র জানা যায়। এ প্রসঙ্গে দোকানিকে জিজ্ঞেস করলে তিনি কোন প্রকার মন্তব্য করতে অস্বীকৃতি জানান।

**ছাত্রলীগের ওপর নিষেধাজ্ঞা ঃ** এদিকে কয়েক শিবির ক্যাডার গতকাল দুপুর সাড়ে ১২ টায় ক্যাম্পাস সংলগ্ন দোকানে সৌরভ ও রাজু নামে ২ ছাত্রলীগ কর্মীকে বিশ্ববিদ্যালয়ে না আসার হুমকি দেয়। এ প্রসঙ্গে জিজ্ঞেস করলে ছাত্রলীগ চ.বি শাখার সাধারণ সম্পাদক ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, আমরা প্রক্টরকে জানিয়েছি। তিনি শিগগিরই ব্যবস্থা নেবেন বলে জানিয়েছেন।